THE BANGLADESH OBSERVER

তারিখ ... 15.2.86 ...
পৃষ্ঠা ... 6 কলাম 5 ...

040

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ভর্তি বিজ্ঞপ্তি

১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তির আংশিক সংশোধনপূর্বক এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'ক', 'খ' ও 'গ' ইউনিটে ভর্তিচ্ছু প্রার্থীদের নির্ধারিত প্রাথমিক আবেদনপত্রের ফরম ও নির্দেশিকা সংশ্লিষ্ট ইউনিট অফিসের পরিবর্তে ঢাকাস্থ জনতা ব্যাংকের নিম্নে বর্ণিত শাখা থেকে নগদ ৩০.০০ (ত্রিশ) টাকা জমা দিয়ে ১৫—২—৮৬ তারিখ থেকে ৯—৩—৮৬ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে:

'ক'-ইউনিট— টি, এস, সি শাখা, ঢাঃ বিঃ।
'খ'-ইউনিট— এলিফ্যান্ট রোড শাখা।
'গ'-ইউনিট— ঢাকা কলেজ গেইট শাখা।

তবে পূরণকৃত ভর্তির ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ পূর্ব ঘোষিত বিজ্ঞপ্তি অনুযায়ী অবশ্যই সংশ্লিষ্ট ইউনিট অফিসে নির্ধারিত ১৫—২—৮৬ থেকে ৯—৩—৮৬ তারিখের মধ্যে জমা দিতে হবে।

'ঘ'-ইউনিটে ভর্তিচ্ছু প্রার্থীদের ভর্তির প্রাথমিক আবেদনপত্রের ফরম ও নির্দেশিকা পূর্ব ঘোষিত বিজ্ঞপ্তি অনুযায়ী টিএসসিতে অবস্থিত ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান পরিচালকের অফিস থেকে নগদ ৩০.০০ (ত্রিশ) টাকা জমা দিয়ে সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত ভর্তির ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ অবশ্যই ঐ অফিসেই নির্ধারিত ১৫—২—৮৬ থেকে ৯—৩—৮৬ তারিখের মধ্যে জমা দিতে হবে।

প্রতিটি ফরমের সাথে একটি করে নির্দেশিকা দেয়া হবে, তবে কেহ ফরম না নিলে আলাদাভাবে কোন নির্দেশিকা দেয়া হবে না।

নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে:

| ইউনিট | তারিখ | সময় |
|---|---|---|
| 'ক'-ইউনিট | ২৮—৩—৮৬ | সকাল-৯.০০টা (নয়) |
| 'খ'-ইউনিট | ৪—৪—৮৬ | সকাল-৯.০০টা (নয়) |
| 'গ'-ইউনিট | ১৯—৪—৮৬ | সকাল-৯.০০টা (নয়) |
| 'গ'-ইউনিট | ২৭—৩—৮৬ | সকাল-১০.০০টা (দশ) |

ভর্তি পরীক্ষার স্থান সংশ্লিষ্ট ইউনিট অফিস থেকে যথাসময়ে জেনে নিতে হবে।

ডি—৭২৩১

উপ-রেজিস্ট্রার (শিক্ষা),
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।